দৈনিক জনকণ্ঠ

২০/৯/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ১৭ কলাম ৪.....

# বেসরকারী শিক্ষক-কর্মচারীদের জুলাই-আগস্টের বেতন হস্তান্তর

বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসা এবং কারিগরি বেসরকারী এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)-এর শিক্ষক, কর্মচারীদের জুলাই-আগস্ট মাসের বেতনভাতার সরকারী অংশের টাকা আগামী ২৭ সেপ্টেম্বরের মধ্যে উত্তোলনের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়েছে। এ টাকা ইতোমধ্যে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। –তথ্য বিবরণী।